**মেয়র**

**সাল এফ. আল্বান্সি (Sal F. Albanese)** (D)

**আমার নাম Sal Albanese, এবং নির্বাচনী দৌড়ে আমিই একমাত্র ব্যাক্তি যার একটি স্বাধীনতার রেকর্ড রয়েছে। আমি পেশাজীবি রাজনৈতিক নই। আমি উন্নয়নকারী এবং তদবিরকারীদের নিকট তেকে কোন টাকা পয়স নিচ্ছিনা এবং আমি জনগনকে সিটি হল পরিবর্তন করতে উদ্দীপনা দিতে প্রতিশ্রুতিবদ্ধ। আমার অতীত সম্পর্কে আপনাদেরকে কিছু বলতে দিন। আমার ০৮ বছর বয়সে একজন অভিবাসী হিসাবে আমি এখানে আসি। আমি ব্রুকলীনের এক শ্রমিক পল্লীতে বেড়ে উঠি, যেখানে মা আমাকে বড় করেন আর বোনেরা পোশাক শ্রমিকের বেতন পেতেন। সিটির সরকারী স্কুল, লাইব্রেরী এবং ক্রীড়া কর্মসূচী আমার পরিবারকে শ্রমিক শ্রেণী থেকে মধ্যবিত্ত শ্রেণীতে উত্তোরণ ঘটায়। আমি মেয়র পদে প্রতিদ্বন্দিতা করছি যেহেতু আমি চাই যে আমাদের ভবিষ্যৎ প্রজন্ম আমার মতো সুযোগ সুবিধা পাক। কিন্তু আমি শংকিত যে আমাদের রাজনীতি ব্যাবস্থা তাদেরকে পিছনে পড়ে যেতে দিচ্ছে। আমি মনে করি আপনাদের সহায়তায় আমি তা পরিবর্তন করতে পারি। এই নির্বাচনে আমাদের একটা পছন্দ রয়েছে। একদিকে আমরা নির্বাচিত করতে পারি রাজনিতীকদের মধ্য থেকে যারা তাদের নির্বাচকদেরকে শুনানী করার চেয়ে ককটেল পাটিতে বেশী সময় দেন। অন্য দিকে আমরা পছন্দ করতে পারি সরাসরি পরিষ্কার পরিচ্ছন্ন একজনকে। আমরা এমন একজন মেয়র নির্বার্চিত  করতে পারি যার স্বাধীনতার একটা রেকর্ড রয়েছে যিনি শ্রমিকদের মজুরী বাড়ীয়েছেন এবং শ্রেণীকক্ষে শিক্ষাদান করেছেন। আমি সরকারী স্কুলের শিক্ষক হিসাবে ১১ বছর অতিবাহিত করেছি, কাজেই আমি শিক্ষা ব্যবস্থা বুঝতে পারি, সিটি হলে সংস্কারক হিসাবে ১৫ বছর কাটিয়েছি। সিটি কাউন্সীলে নূন্যতম মজুরী আইন আমি লিখেছিলাম যা ৭০,০০০ শ্রমিককে প্রভাবিত করেছে এবং তাদের পকেটে তুলে দেয় $৩ বিলিয়ন ডলার। এই সিটি আরও আরামদায়ক স্থান হিসাবে গড়ে তুলতে আমাদের আরও অনেক কাজ করার আছে।  আমাদের স্কুল সুদৃঢ় করতে হবে। আমাদেরকে দরিদ্রতা এবং রোজগার বৈষম্য নিরসন করতে হবে। আমাদের এমন কাজ সৃষ্টি করতে হবে যা প্রকৃতভাবেই বেতনের বিল প্রদান করবে। কিন্তু এগলোর যে কোন একটি অর্জন করতে হলে এমন একটা গভর্নমেন্ট দরকার যা এর নাগরিকদের জন্য কাজ করবে এবং  একজন মেয়র যার রাজনৈতিক প্রজ্ঞা রয়েছে। ঠিক এই মুহুর্তে আমার ধরা ছোঁয়ার ওপারে একটা রাজনৈতিক গোষ্ঠী আছে। আমার বিরুদ্দাচারীরা হচ্ছেন সমস্যার অংশবিশেষ। তার নতুন চিন্তা চেতনা উদ্ভাবনের পরিবর্তে গতানুগতিক নিরাপদ খেলার যত। তারা নির্বাচিত হলে তারা শহরের প্রত্যেক ভোট দালালের কাছে ঋনের দায়ে জিম্মী হয়ে যাবে। আমি অন্যধরনের একজন মেয়র হতে চাই। আমি যথার্থ যোগ্যতা গুনের উপরে সিদ্ধান্ত নিতে চাই। আমি সত্য বলতে চাই যদিও তা রাজনৈতিক ভাবে বিপজ্জনক হয়ে উঠে। আমি নিয়মিত নিউ ইয়র্ক বাসীদেরকে সিটি হলে একটা বাকশক্তির কন্ঠ যোগান দিতে চাই। আর সে জন্যই আমি আপনাদের সাহয্য এবং ভোট চাই। একযোগে, আমরা আরও ভাল একটা নিউ ইয়র্ক গড়ে তুলতে পারি!**

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত।  ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।*

**মেয়র**
**রেন্ডি ক্রেডিকো (Randy Credico)** (D)

**আমি সম্মুখগতি সম্পন্ন ডেমোক্র্যাট। George Mcgovern কে ১৯৭২ সালে প্রথমবারের মতো আমার ভোট প্রদান থেকে এখানে আছি। সামাজিক ও রাজনৈতিক সক্রীয়তায় আমার একটা লম্বা ইতিহাস রয়েছে। আমি ৩০টি বছর পার করেছি, এবং এখনও তা করে যাচ্ছি, একজন রাজনৈতিক বিদ্রূপাত্মক লেখক হিসাবে। আমার এই দক্ষতা আমি সামাজিক, রাজনৈতিক এবং অর্থনৈতিক সমতা আনায়নে কাজে লাগিয়েছি। আমি কখনও কোন দপ্তরধারী হই নাই। আমি ১৯ শতকের ক্রীতদাসপ্রথা বিলোপ আন্দলনের একজন ছাত্র। আমি John Brown, Richard Hildreth, Fredric Douglass, Passmore Williamson এবং Theodore Parker দ্বারা প্রভাবিত হয়েছি। ১৪ বছর যাবৎ আমি William Moses Kunstler ফান্ড ফর রেসিয়াল জাসটিস ডিরেক্টর ছিলাম। সেই বছরগুলিতে আমরা Tulia ৪৬ ড্রাগ বাস্ট এবং বর্ণবাদী Rockefeller ড্রাগ লজ জাতীর কাছে তুলে ধরেছিলাম। Kunstler ফান্ড নিউ ইয়র্কের ঠান্ডা এবং হিংস্রতাপূর্ণ বন্দীশালার নিয়মে জড়ো করা ব্যক্তিদের পরিবাবর্গকে একতাবদ্ধ করেছিল। আমরা উৎসাহিত হয়েছিলাম আর্জেন্টিনার Madres De Plaza De Mayo দ্বারা। ২০০৬ সালে মানবাধিকার কর্মকান্ডে আমার কাজের জন্য Madres আমাকে পুরস্কৃত করে। ১৯৯৪ সালে Rudy Giuliani নাগরিক স্বাধীনতা পর্যুদস্ত পরবর্তী সময়কালে নিউ ইয়র্ক সিটি একটি বিভক্ত নগরীতে পরিনত হয় এবং সে অবস্থা পরবর্তী ২০ বছর ধরে চলতে থাকে। ফৌজদারী ব্যবস্থা এখানে গহীন দক্ষিনের চেয়ে ভীন্ন নয়। নিউ ইয়র্ক সিটির প্রয়োজন একটা সম্পূর্ণ সার্বিক আপাদ মস্তক পুনর্বিন্যাস। আমার ওয়েবসাইট www.credico2013.org এ আমার একটা পরিকল্পনা রয়েছে। আমাদের কয়েক মিলিয়ন সঙ্গী সাথী নিউ ইয়ার্কবাসীর মাঝে অনেক হতাশা ও যন্ত্রনা রয়েছে। আমি তাদের পক্ষে কথা বলি। আমি শক্তিশালী আবাসন সংস্থা, ব্যাংকিং খাত এবং ওয়াল ষ্ট্রীট থেকে কোন টাকা পয়সা পাই না। অনুগ্রহ করে আমাকে বিবেচনায় রাখবেন।**

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন না।*

**মেয়র**
**বিল ডি ব্লাসিও (Bill de Blasio)** (D)

**হ্যালো, আমি Bill de Blasio। আমি আউটার বোরোস্হিত একজন কর্মজীবি পিতা এবং পাবলিক স্কুলসমুহের গর্বিত পিতা। আমি বর্তমানে নিউ ইয়র্ক সিটিতে পাবলিক এডভোকেট হিসেবে কাজ করছি। আর আমি আপনাদের মেয়র হওয়ার জন্য চেষ্টা চালাচ্ছি। একজন অগ্রবর্তী সংস্কারক এবং তৃণমুল সংগঠক হিসেবে আমি আমার জীবন অতিবাহিত করেছি, ক্লিনটন প্রশাসনে Andrew Cuomo এর সহিত কাজ করেছি, Hillary Clinton-এর প্রথম প্রচারাভিযানে নেতৃত্ব দিয়েছি, এবং - আমি আমার স্থানীয় স্কুল বোর্ড, সিটি কাউন্সিল ও গণ আইনজীবি হিসেবে কাজ করে নগরীর পরিবর্তনের চেষ্টা করেছি। আমি হাজার স্কুল শিক্ষকের ছাটাই প্রতিরোধ করেছি এবং নেইবারহুড স্কুল সমুহের বন্ধ হওয়া থেকে নিরাপদ করেছি; এবং বস্তি ভুমি মালিকদের জবাবদিহীতার ব্যবস্হা করেছি; যারা ৯/১১ এর পরে প্রথম দুর্যোগ কবলিতদের যথাযথ ক্ষতিপুরণ আদায়ে সাহায্য করেছি; এবং যে সমস্ত ছেলেমেয়ে যারা অপব্যবহার এবং অবহেলার শিকার হয়েছে তাঁদেরকে সুরক্ষা করেছি। আমি তাঁদের জন্য কথা বলার ক্ষেত্রে কখনও ভীত হই নাই যারা সিটি হলের দ্বারা প্রতিনিয়ত নিগৃহীত হয়। ঠিক এখনই আমরা দুই নগরীর গল্পের ন্যায় একটি নগরীতে বাস করি যেখানে ধনীরা আরও অধিকতর ধনী হচ্ছে আর যেখানে মধ্য শ্রেনীর নিউ ইয়র্কবাসীরা দুর্ভোগ ভোগ করছে এবং আমাদের নগরীর প্রায় অর্ধেক লোকজন দারিদ্র সীমায় অথবা তাঁর কাছাকাছি বসবাস করছে। সুদীর্ঘ বার বছর মেয়র Bloomberg-এর পর আমরা একজন নেতাকে চাই যিনি শুধুমাত্র ওয়াল ষ্ট্রীট, বড় বড় কর্পোরেশন এবং বড় বড় রিয়েল এষ্টেট নির্মাতাদের চাহিদাই পুরণ করবেন না। আমরা আমাদের সমগ্র সিটির জন্য একজন মেয়র চাই - যা সকল পাঁচটি বরোর জন্য। একজন মেয়র হিসেবে আমি প্রায় ২০০,০০০ সামর্থ্যের মধ্যে গৃহায়ন প্রতিষ্ঠার জন্য প্রতিজ্ঞাবদ্ধ এবং বিধিবদ্ধ ভর্তুর্কি সমুহ পুন:স্থাপনে সেই সাথে CUNY পদ্ধতিতে বিনিয়োগসহ এবং স্টপ এন্ড ফিস্ক সংস্কার করা যাতে বর্নবাদ ও যুবকদের অনুচিত ভাবে থামানো না হয়। আমি সূচনাকারীদের ক্ষেত্রে বিনিয়োগ করবো, উদীয়মান শিল্প গঠনে সহায়তা প্রদান করবো, দেউলিয়াপনা ক্ষুদ্র ব্যবসায়ীদের ক্ষেত্রে অতিরিক্ত জরিমানা আদায় বন্ধ করব, এবং শিক্ষা নীতিমালা প্রনয়নের সময় পিতা-মাতাদের বক্তব্য শুনবো। অত্যন্ত গুরুত্বপুর্ন, যে আমি একমাত্র ডেমোক্রাট প্রার্থী যিনি প্রতিজ্ঞাবদ্ধ সত্যিকারের সম্পদশালীদের ক্ষেত্রে করবৃদ্ধির এবং চিরাচরিত প্রী-কে এবং প্রতিটি মিডল স্কুলের ছেলেমেয়েদের জন্য যাদের প্রয়োজন রয়েছে তাদের আফটার স্কুল কার্যক্রম দিতে। আমার ক্ষেত্রে, গুনগত মানের স্কুল আমার ব্যক্তিগত ধারনা। আমি গর্বের সহিত বলতে পারি যে নিউ ইয়র্কের ইতিহাসে আমিই প্রথম মেয়র হতে যাচ্ছি যিনি তার শিশুদের পাবলিক স্কুলে দিচ্ছে। আমি প্রতিজ্ঞাবদ্ধ যে আমি আমাদের সিটিকে নতুন, অগ্রগতিমুখী হিসেবে পরবর্তী বছর গুলিতে চালিত করবো এবং আমি আশা করি যে আপনি আমার সহিত যোগ দেবেন।**

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।*

**মেয়র**
**নীল ভিনসেন্ট গ্রিমালডি (Neil Vincent Grimaldi)** (D)

**আমার অভিযান স্কুল সিষ্টেমে পরিবর্তন আনা যার প্রাথমিক লক্ষ্য হলো সম্পূর্ণ রূপে এবং চরিত্র উন্নয়নের মাধ্যমে সব শিক্ষার্থী তাদের মূল্যবোধ, লক্ষ্য নির্ধারন সহ কেমন করে কার্য্যকর ভাবে সুখে বাচা যায় তা বুঝতে পারে। আমি আরও চাই জনগনের একতা, তাদের দ্বায়িত্ব বোধের উৎকর্ষ এবং পছন্দনীয় সহযোগীপূর্ণ পরিবেশে নিরাপদ অস্তিত্ব উন্নয়ন অর্জন। আমি চাই সব সিটি কর্মকর্তাদের মধ্যে পারস্পারিক যোগাযোগ,**

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।*

**মেয়র**
**জন সি. লিউ (John C. Liu)** (D)

**আমার কাহিনীটা নিউ ইয়র্কের অনেক গল্পের মতো। এটা অন্য কোথাও শুরু হয়েছিল। আমার পাঁচ বছর বয়সে আমাদের পরিবার তাইওয়ান থেকে এখানে ইমিগ্র্যান্ট হয়ে আসে, কাজের সন্ধানে অগনিত আরও পরিবার সমূহ একই ভাবে এসেছেন এ সুযোগ নিতে। কারণ নিউইয়র্ক সিটির পবিত্র প্রতিশ্রুতি এমনটাই ছিল এখানে এসে পড়। কঠোর পরিশ্রম করো। বড় স্বপ্ন দেখ। এবং যদি তোমরা এ সবগুলিই করতে পারো তাহলে তোমাদের ভাল করার সুযোগ রয়েছে। আমার মাতাপিতা এই প্রতিশ্রুতিতে বিশ্বাসী ছিলেন। আমি এখন পযর্ন্ত এতে বিশ্বাসী, এবং সে জন্যই আমি মেয়র পদের জন্য নির্বাচনে করছি। ঐ প্রতিশ্রুতি পুরনের জন্য আমি অব্যাহত রাখতে চাই যা আমি সিটি কাউন্সিলম্যান ও নিউ ইয়র্ক সিটি কম্পট্রোলার হিসাবে জনগনের জন্য সংগ্রাম করেছি যাদেরকে সিটি হল ভূলে গেছে। কর্মজীবি মাতা। রুজগারী ইমিগ্র্যান্ট। ক্ষুদ্র ব্যবসা মালিক। সংগ্রামী ছাত্র। শিক্ষক ও শ্রমিক  এবং প্রতিটি নিউ ইয়র্কবাসী মনে করেন তাদের পক্ষে কথা বলার কেউ নেই। যখন আপনারা শক্তিশালী লোকজনের পিছনে লেগে যান –তখন তারা অপনাদের পেছনে লাগার প্রস্তুতি নেন। তারা চেয়ে ছিলেন যে, MTA যে দুই সেট বই রেখেছিল তা যেন আমরা না পাই। তারা  চাননা যে আমরা মেয়র অনুমোদিত প্রকল্প সমূহের পেছনে লেগে যাই, যা তারা ডাকাতী করেছিলেন সিটিকে অন্ধ রেখে, এই সিটির জনগনের জন্য ৩ বিলিয়ন ডলার উদ্ধারের বিষয়। এবং তারা এটাও চাননা যে আমরা ন্যূনতম মজুরী বাঁচার জন্য প্রয়োজনীয় মাত্রায় উন্নীত করি। কিন্তু আমরা তো এসবই করেতে চাই। কারণ এই সিটি তাদের এবং আমাদের আলাদা করে হতে পারেনা। এটা একটাই সিটি হওয়া প্রয়োজন। যেখানে প্রত্যেকে একটা ন্যায্য মজুরী এবং একটা ভাল জীবন ব্যবস্থা পাবে।  যেখানে জনগনকে তাদের বর্ণের কারনে স্টপ এন্ড ফ্রিস্ক করা হবে না । যেখানে প্রতিটি শিশু ভাল শিক্ষালাভ করবে। এবং সেখানে মেয়র ১% লোকের নয় বরং ১০০% লোকের প্রতিনিধিত্ব করবে। এই সিটি আমাদেরকে সবসময়ই প্রতিশ্রুতি দিয়েছে। আপনাদের সহযোগীতা নিয়ে, আমি  ঐ প্রতিশ্রুতি রক্ষা নিশ্চিত করতে চাই।**

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত।  ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।*

**মেয়র**
**ক্রিস্টিন সি. কুইন (Christine C. Quinn)** (D)

**হাই, আমি Christine Quinn। প্রথমত, আপনাদেরকে ধন্যবাদ এটা দেখার জন্য । আজ, আমাদের হাতে যে স্বল্প সময় রয়েছে তাতে আমি বলতে চাই, কেন আমি নিউইয়র্ক সিটির পরবর্তী মেয়র পদে প্রতিদ্বন্দিতা করছি। আমার বাবা একজন ইউনিয়ন বিদ্যুৎ কর্মী ছিলেন । আমার মা ছিলেন সোশ্যাল ওয়ার্কার। আমাদের প্রয়োজন মেটাতে তাদেরকে প্রতিদিন কঠোর পরিশ্রম করতে হতো। আজও আমার পরিবারের মতো বহু পরিবার সংগ্রাম করে চলেছেন। কাজেই মেয়র হিসাবে আমার প্রধান অগ্রাধিকার হবে যাতে এই সিটির মধ্যবিত্ত শ্রেনীর জায়গায় পরিণত হয় এবং কর্ম নিয়ে দিতে প্রতিটি ব্যাক্তি এতে অন্তর্ভূক্ত হন এবং তা শুরু হোক পাঁচটি বোরোর সবগুলিতে হাজার হাজার যান্ত্রিক উৎপাদনজনিত প্রযুক্তিগত নতুন কাজ সৃষ্টির মধ্য দিয়ে। এর অর্থ এই দাড়ায় যে প্রতিটি প্রতিবেশী এলাকায় মানসম্পন্ন স্কুল থাকা নিশ্চিত করতে হবে যাতে কলেজ ও জীবন গঠনের প্রতি দৃষ্টি নিবদ্ধ থাকবে। শুধুমাত্র পরীক্ষা করার প্রতি নয় এবং এর অর্থে এও আসে যে এই সিটির ইতিহাসে মধ্যবিত্ত শ্রেণীর জন্য উচ্চাকাঙ্খিত আবাসন প্রকল্প নিয়ে সাধ্যের মধ্যে আবাসন বিস্তৃত করা। আমি আরও নিশ্চিত করতে চাই যে পুলিশ-কমিউনিটি সম্পর্কন্নোয়নে নিউইয়র্ক সিটির আমেরিকার সবচেয়ে বড় নিরাপদ সিটি হয়ে যাক। অপরাধ কার্যক্রমের বিরুদ্ধে সংগ্রামে একপা পিছিয়ে থাকার অবকাশ আমাদের নেই। আপনারা আমার চিন্তা চেতনা এপ্লিকেশন ডাউনলোড করতে পারেন, এই হিসাবটির জন্য আমার চিন্তা চেতনা সমগ্র এবং পূণ্য ভবিষ্যৎ দৃষ্টি জানার জন্য আমার ওয়েবসাইট quinnfornewyork.com এ আসুন। নিউইয়র্কারা এমন একজন মেয়রের প্রয়োজন বোধকরে যিনি শুধু মধ্যবিত্ত শ্রেণীর তুষ্ট করার জন্য কথার বুলি আওড়ায়না বরং কাজ কর্মের স্বীকৃতীর প্রকৃত বাস্তব রেকর্ড রয়েছে। সে মতে স্বীকার হিসাবে আমি যা যা করেছি: আটটি সময়োচিত সুসমন্নিত বাজেট পাশ যা শিক্ষকদের স্বার্থ রক্ষা করেছে, দমকল সংস্থা ও লাইব্রেরীগুলিকে খোলা রেখেছে, সম্প্রসারন করেছি প্রি-কে কে উপয্যর্পুরি ১০,০০০ পুর্ণদিবস দিয়ে, ক্ষুদ্র ব্যাবসায়ীদের কাজ সৃষ্টিতে সহায়তা করেছে, সহজসান্নিধ্য ক্লিনিক বিধান প্রনয়ন করে নারী অধিকার সংরক্ষন করা, ভাড়াটিয়াদের পক্ষে দাঁড়ানো, এবং কর্মরত নিউ ইয়র্কারদের হাতে আরও অর্থ যোগান দেওয়ার জন্য চলমান মজুরী বিধান পাশ করা এবং মেয়র হিসাবে আমি এগুলির সবই করবো। মধ্যবিত্ত শ্রেণী আমাদের এই সিটি গড়েছিল এবং তাদের জন্য আমি প্রতিটি একক দিনে কঠোর পরিশ্রম করবো।**

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।*

**মেয়র**
**এরিক সাল্গাডু (Erick Salgado)** (D)

**হ্যালো এবং এই তথ্যসম্মৃদ্ধ ভিডিওটি দেখার মাধ্যমে নিউইয়র্ক সিটির প্রতি অধিকতর মনোযোগী হওয়ার জন্য আপনাদেরকে ধন্যবাদ। আমি Erick Salgado এবং আমি মেয়র পদের জন্য প্রার্থী । আমি এই সিটিকে জানি। আমি ২৪ টি বছর কাটিয়েছি এর বিভীন্ন বিচিত্র কমিউনিটি গুলিকে সাহয্য সহায়তা করে এবং একজন ব্যাবসায়ী হিসেবে আমি ব্যাবসা প্রতিষ্ঠান সমূহ প্রতিষ্ঠিত ও উন্নয়ন করেছি যাতে আমার সাথী নিউইয়র্কবাসীরা কাজকর্মে নিয়োজিত হয়েছেন। নিরাপত্তা হচ্ছে আমার প্রথম অগ্রাধিকার। আপনি এবং আপনার পরিবার শুধু নিরাপদ থাকুন তাই নয়, অধিকন্তু আমাদের রাস্তাঘাটে যখন হাটেন, সাব ওয়েতে চড়েন এবং বাড়ীতে আরাম করার সময়ও নিরাপদ বোধ করুন। সেই জন্য আমি মেয়র Giuliani এর প্রশাসন সময়কলের মতো স্তর বিন্যাসে পুলিশ ডিপার্টমেন্টের পদগুলিকে পুনপ্রবর্তন করবো। আমি সকল প্রকার কোটাপদ্ধতী বাতীল করবো। অপর অগ্রধিকারটি হচ্চে নিউইয়র্কবাসীদের জন্য কর্মসংস্থান সৃষ্টি। সম্মিলিতভাবে, ক্ষুদ্র ব্যাবসা হচ্ছে আমাদের সিটির সর্ববৃহৎ নিয়োগকারী। আমি দূরিভূত করবো সে সব বাঁধা বিপত্তি যা সিটি হল সৃষ্টি করেছে যাতে ব্যাবসা সম্প্রসারন ব্যাহত হয়। ব্যাবসা বাড়ার সাথে নিউইয়র্কবাসীর জন্য কাজের সংখ্যাও বাড়ে। আমি ট্যাক্সস উদ্দীপনাও ব্যাবহার করবো নতুন কর্মসৃষ্টি লক্ষ্যে এবং সিটি কনট্রাক্ট সমূহের নীলাম অনুষ্ঠান কর্মকান্ডে নিউইয়র্ক প্রতিষ্ঠান সমূহকে অগ্রাধিকার দেবো। যে কোন কাজে উপযুক্ত যোগ্যতা অর্জন করতে নিউইয়র্কবাসীর জন্য উন্নত শিক্ষা প্রয়োজন। শিক্ষা বিভাগকে অবশ্যই শিক্ষার্থীদের প্রয়োজন মেটাতে হবে। আমি অভিভাবক সংশ্লিষ্টতা বাড়াতে চাই, শিক্ষক মূল্যায়নে তাদের একটা গ্রেড দেওয়ার ক্ষমতা থাকবে। আমি একটা প্রক্রীয়াগত অডিট পদ্ধতি চালু করতে চাই যাতে কর্মকান্ডের সফলতা নির্ণয় করা যায় এবং সে তথ্য সকল শিক্ষক ও অধ্যক্ষগণের মধ্যে বিতরন করা যায়। আবারও, ধন্যবাদ মেয়র নির্বাচনী দৌড়ে আপনাদের উৎসাহের জন্য। সবাই মিলে আমরা এই সিটিকে ভাল রাখতে পারি।**

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।*

মেয়র
**বিল থমসন (Bill Thompson)** (D)

আমি Bill Thompson। আমি আপনাদের মেয়র হিসাবে জন নিরাপত্তা, শিক্ষা সংস্কার, এবং এই নগরীর জন্য যে সমস্ত লোকজন কাজ করে থাকে তাদের জন্য নিউ ইয়র্ককে সামর্থ্যের মধ্যে রাখার চেষ্টা করবো।

আমরা রাস্তায় আরও ২০০০ পুলিশ নামিয়ে নিউ ইয়র্ককে একটি সবচেয়ে নিরাপদ বড় সিটি হিসেবে গড়ে তুলবো।

কমিউনিটি পুলিশি ব্যবস্থার ক্ষেত্রে আমরা একটি নতুন যুগের সুচনা করবো যে, স্পর্শকাতর এলাকা সমুহে আমাদের সর্বোত্তম কর্মকর্তাদের নিয়োগ করবো।

আমি ব্রুকলিনে বড় হয়েছি এবং দেখেছি যে সন্ত্রাস কিভাবে নেইবারহুড বা পার্শ্ববর্তী এলাকা সমুহ ধ্বংশ করে। আমাদের সম্প্রদায়ে স্টপ এন্ড ফিস্ক পদ্ধতি পরিবর্তনের মাধ্যমে বিশ্বাস ফিরিয়ে আনতে হবে। স্টপ এন্ড ফিস্ক রাজপথের সন্ত্রাস ও অস্ত্র নির্মুলের জন্য একটি প্রকৃয়া হিসাবে ব্যবহৃত হওয়া উচিৎ।

একজন মেয়র হিসেবে, আমি নিশ্চিত করব যে, এটি বর্ণ বিদ্বেষের হাতিয়ার হিসাবে কখনও ব্যবহৃত হবে না।

আমাদের প্রচলিত শিক্ষা পদ্ধতির উপর অবশ্যই সংস্কার করতে হবে। আর আমি এই বিষেযে প্রতিশ্রুতিবদ্ধ।

আমার মাতা একজন শিক্ষক ছিলেন। শিক্ষকগন শত্রু নহে, তাদেরকে অবশ্যই সাফল্য লাভের ভিত্তিতে উপকরণ দিতে হবে এবং তাদেরকে জবাবদিহী করতে হবে।

আমরা জানি যে কিসে কাজ হয়ঃ

তরুণ বয়সে স্কুলে যাবার জন্য শিশুদের অল্প বয়সেই তাদের শ্রেনীকক্ষে প্রবেশের সুযোগ দিতে হবে। অধিকতর পিতা-মাতার অংশ গ্রহনের সুযোগ থাকবে, মানসম্মত পরীক্ষা সমুহের চিরাচরিত নিয়ম ভেংগে ফেলতে হবে, আমাদের ছাত্র ছাত্রীদেরকে কলেজে সমালেচনা বা সংকটময় মুহুর্ত সম্পর্কে অধিকতর প্রস্তুতি নেয়ার বিষেয় শিক্ষা দিতে হবে, এবং পেশাগত সুযোগ বৃদ্ধি করতে হবে ও কারিগরি প্রশিক্ষণ প্রভৃতি দিতে হবে।

একজন নিয়ন্ত্রক হিসেবে, সামর্থ্যের মধ্যে নতুন গৃহায়ন সৃষ্টি করতে আমি সাহায্য করব। যে সমস্ত লোকজন এখানে কাজ করে, যারা এখানে তাদের পরিবারবর্গকে গড়ে তুলেছে, তাদেরকে সিটিতে মুল্যহীন করা ঠিক হবে না।

আর এই জন্য আরও ১২০,০০০ সাধ্যের মধ্যে আবাসন গড়ে তোলার পরিকল্পনা আমার রয়েছে।

যে সমস্ত লোকজন সিটির পাঁচটি বরোর বাহিরে বসবাস করেন এবং অন্য সকলের মত কর পরিশোধ করে থাকে তাদের কার্য্যক্রমের উপযুক্ত অংশ অস্বীকার করা হবে না।

আর অধিকতর সুযোগ সৃষ্টির জন্য ক্ষুদ্র ব্যবসার উপর আমি প্রতিশ্রুতিবদ্ধ হবো-কর চিহ্নিতকরণ, জরিমানা, এবং ফি সমুহ যা উন্নয়ন এবং চাকুরি প্রভৃতি ক্ষেত্রে অনুচিতভাবে ক্ষতিগ্রস্থ করে।

এই বৃহৎ সিটির প্রতিটি অংশের সকল জনসাধারণের জন্য অধিকতর সুযোগ সৃষ্টি করতে হবে। এটাই আমরা লক্ষ্য। আমি Bill Thompson এবং আমি আপনার ভোটটি আমাকে দেওয়ার জন্য আহ্বান জানাই।

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।*

**মেয়র**

**অ্যান্থনী ডি. ওয়াইনার (Anthony D. Weiner)** (D)

**আমার নাম anthony weiner এবং আমি নিউ ইয়র্ক সিটি মেয়র হিসেবে নির্বাচনে প্রতিদ্বন্দিতা করিতেছি কারণ বহু সময় অতিবাহিত করার পরে আমাদের প্রয়োজন হইয়াছে একজন মধ্যবিত্ত শ্রেনীর লোকের জন্য সংগ্রাম করার লোকের এবং যারা এটার জন্য সংগ্রাম করছে তাদের জন্য। আমাদের সিটি নির্বাচনের প্রতিদ্বন্দিতায় আমি এটা দেখিতে পাই। এছাড়াও আমি আমার পারিবারিক অভিজ্ঞতায় এইরুপ দেখে আসছি। আমি ব্রুকলীনে একটি মধ্যবিত্ত পবিরারে বড় হই। আমি সারা জীবন সরকারী স্কুলে পড়লেখা করেছি আর আমার মাতা ছিলেন একজন স্কুল শিক্ষিকা, প্রায় ৩১ বছর ঐ সমস্ত সরকারী স্কুলগুলোয়। ৬০-এর মাঝামাঝি আমার পিতা জি বিলে আইন স্কুলে গিয়ে ছিলেন, যখন আমি নিতান্তই একটি বালকই ছিলাম তারা তখন একত্রিত থাকিয়া তাঁদের প্রথম বাড়ী তৈরীতে সমর্থ হয়। সেই অভিজ্ঞতা সত্যিকার শিক্ষা, সুবিধাদি সহ ভাল চাকরি এবং একটি স্বল্প ব্যয়ে বাস করার জন্য সুবিধাজনক জায়গা প্রভৃতি–আজ দেখতে পাওয়া যায় না। মধ্যবিত্ত শ্রেনীর জীবন যাত্রার পদচিহ্ন আজ মুছে যাচ্ছে এবং আমি তার পরিবর্তন চাই যে আমি সর্বদা বিশ্বাস বিশ্বাস করি নিউ ইয়র্কবাসীরা ভাল আইডিয়ার জন্য তাঁদের ভোট প্রদান করেন এবং আমি তা পেয়েছি। আমি দুইটি বই প্রকাশ করেছি "নগরীর চাবি" এবং আমি তা আমাদের ওয়েব সাইট anthonyweiner.com এ সংযোজন করি। আমি ৮০% ধনীদের জন্য এবং ২০% গরীবদের জন্য পদ্ধতিটির পরিবর্তন চাই, এর বদলে আমার একটি কার্যক্রম রয়েছে যা "৬০/২০/২০" হিসেবে যেখানে শতকরা ২০ ভাগ মধ্যবিত্ত শ্রেনীর জন্য সংরক্ষিত থাকবে। আমি শিক্ষকদের অধিকতর ক্ষমতা প্রদান পুর্বক শ্রেনীকক্ষে শৃংখলা ফিরিয়ে আনব, যেখানে বিশৃংখ্যলা সৃষ্টিকারী বাচ্চাদের সরিয়ে দিবেন ফলে অবশিষ্টরা শিখতে পারে। আমি আশাকরি যে আমাদের রাস্তা সমুহ নিরাপদ থাকা সম্ভব জিপিএস প্রযুক্তি ব্যবহার করে যাতে যৌন অপরাধীদের চিহ্নিত করা যায়। ফলে তারা নির্যাতিত শিশু এবং মেয়েদের থেকে দুরে থাকিবে। সকল নিউ ইয়র্কবাসীর জন্য আমি একটি নতুন ধরণের চিকিৎসা ব্যবস্থা গড়ে তুলবো যা থেকে আমরা অর্থ সাশ্রয় করতে পারি, বড় আকারে চিকিৎসা সেবা পাই এবং হাসপাতাল বন্ধ হবে না এবং বছরে ডলার $১৫০,০০০ এর চেয়ে কম আয়কারী ব্যক্তিদের কর ১০% হ্রাস করব এবং তা পুরনের জন্য মিলিয়নারীদের ১% অধিক প্রদানে অনুরোধ করবো এবং সরকারে প্রতি বছরের অপচয়ের ৫% রোধ করে। আমি বড় কোন প্রতিজ্ঞা করছি না কিন্তু আমি আপনাদেরকে নিশ্চয়তা প্রদান করতে পারি–যদি আপনারা আমাকে মেয়র নির্বাচিত করেন তা হলে সিটি হলে আমাদের একজন থাকবে যিনি প্রতিদিন মধ্যবিত্ত শ্রেনীর জন্য সংগ্রাম করে চলবেন এবং যারা সেখানে যাবার জন্য কষ্ট করছে।**

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।*